দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 23. FEB 2015 ...
পৃষ্ঠা ... ২৯ ... কলাম ... ৮ ...

# জবানবন্দি দিল পবায় নির্যাতিত ২ স্কুল শিক্ষার্থী

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

রাজশাহীর আদালতে ২২ ধারায় জবানবন্দি দিয়েছে পবা উপজেলায় নির্যাতিত দুই স্কুল শিক্ষার্থী জাহিদ হাসান ও ইমন আলী। রাজশাহীর অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বিচারক আব্দুস সালাম নিজ আদালতে গতকাল সোমবার বিকেলে তাদের জবানবন্দি রেকর্ড করেন। পরে তাদের শিশু আদালতে হাজির করে সাক্ষ্য গ্রহণ করেন অতিরিক্ত জেলা ও দায়রা জজ হায়দার আলী সরকার। সাক্ষ্য গ্রহণ শেষে তাদেরকে স্বজনদের জিম্মায় দেয়া হয়।

রাজশাহী শিশু আদালতের এপিপি পূর্ণিমা ভট্টাচার্য বলেন, গত বৃহস্পতিবার শিশু আদালতের বিচারক হায়দার আলী সরকার ম্যাজিস্ট্রেট আদালতে দুই শিশু জাহিদ ও ইমনের জবানবন্দি রেকর্ড করার আদেশ দেন। ওই আদেশের প্রেক্ষিতে গতকাল দুপুর দেড়টার দিকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে তাদের অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের হাজির করা হয়। বিকেল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত বিচারক আব্দুস সালাম তাদের ২ জনের জবানবন্দি রেকর্ড করেন।

বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির সদস্য শামিমা ইয়াসমিন শিখা বলেন, নির্যাতিত শিশু জাহিদ ও ইমনের সাক্ষ্য গ্রহণ ও তাদের স্বজনদের জিম্মায় দেয়ার জন্য মহিলা আইনজীবী সমিতির পক্ষ থেকে আদালতে আবেদন করা হয়। ওই আবেদনের প্রেক্ষিতে শিশু আদালতের বিচারক হায়দার আলী সরকার তাদের সাক্ষ্য গ্রহণ করেন। পরে জাহিদকে তার বাবা ইমরান আলী ও ইমনকে তার মামা মিঠুর জিম্মায় দেয়া হয়েছে বলে তিনি জানান।